

কর্মপরিকল্পনায় মহামারী/আপদকাল মোকাবেলায় বিশেষ পদক্ষেপের রূপরেখা প্রকাশ

ক) কোভিড-১৯ এর কারণে উন্নত পরিস্থিতিতে বিএবি'র নিম্নোল্লিখিত কার্যক্রমসমূহ ব্যাহত হয়েছে:

- আইএসও/ আইইসি'র বিভিন্ন মান অনুসারে এ্যাক্রেডিটেড কিছু টেস্টিং এবং ক্যালিব্রেশন ল্যাবরেটরি, মেডিকেল ল্যাবরেটরি, পরিদর্শন সংস্থা ও সনদ প্রদানকারী সংস্থার রি�-অ্যাসেসমেন্ট ও স্যারভেইল্যান্স অ্যাসেসমেন্ট কার্যক্রম ব্যাহত হয়েছে।
- নতুন আবেদনকারী প্রতিষ্ঠানসমূহে সরেজমিন প্রি-অ্যাসেসমেন্ট পরিচালনা করা যায়নি।
- এ্যাক্রেডিটেশন সংক্রান্ত বিভিন্ন কারিগরী কমিটি'র সভাসহ অন্যান্য সভাসমূহ নির্ধারিত সময়ে আয়োজন করা যায়নি।

এ সংকট উত্তরণে বিএবি নিম্নোল্লিখিত কার্যক্রমসমূহ গ্রহণ করেছে:

- বিএবি'র দাপ্তরিক কর্মকাণ্ড অব্যাহত রাখার পাশাপাশি এর প্রশিক্ষিত আসেসর পুল হতে বিভিন্ন আন্তর্জাতিক মানের উপর দক্ষ অধিক সংখ্যক আসেসরদের/কারিগরী বিশেষজ্ঞদের অন্তর্ভুক্ত করে একটি ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে অসম্পাদিত অ্যাসেসমেন্টসমূহ পরিচালনা করার ব্যবস্থা গ্রহণ করা হবে।
- যে সব প্রতিস্থানে ইতোমধ্যে সরেজমিনে অ্যাসেসমেন্ট সম্পর্ক হয়েছে সে সব প্রতিস্থান হতে ইমেইলের মাধ্যমে আপত্তির জবাব গ্রহণ ও প্রাপ্ত আপত্তির জবাবসমূহ অ্যাসেসরদের ইমেইলে প্রেরণের মাধ্যমে আপত্তি নিষ্পত্তিকরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

খ) সংকট উত্তরণে বিএবি নিম্নোল্লিখিত কর্মপরিকল্পনাসমূহ গ্রহণ করবে:

- বিএবি'র আসেসরদের মধ্য থেকে চাহিদার ভিত্তিতে বিভিন্ন আন্তর্জাতিক মানের উপর দক্ষ আসেসরদের/বিশেষজ্ঞদের অন্তর্ভুক্ত করে একটি আসেসর/ কারিগরী বিশেষজ্ঞ পুল গঠন করা হবে।
- সকল এ্যাক্রেডিটেড ও নতুন আবেদনকারী প্রতিষ্ঠানসমূহে পর্যায়ক্রমে অ্যাসেসমেন্টের জন্য শিডিউল প্রস্তুত করা হবে।
- এ্যাক্রেডিটেশন কমিটি'র পেস্টিং সভাগুলো পর্যায়ক্রমে আয়োজন করা হবে।
- বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী অন্যান্য কার্যক্রম গ্রহণ করা হবে।
- এ সকল কার্যক্রম তদারকি করার জন্য একজন মনিটর নিয়োগ করা হবে।